দৈনিক খবর

007

তারিখ 0 9 JAN 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... ৮

চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি

# কিছু ছাত্র হলে উঠেছে ।। ক্যাম্পাসের বাইরে পুলিশ

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৮ই জানুয়ারী।— বিভিন্ন ছাত্র সংগঠন অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহবান জানিয়েছে। এদিকে বেশ কিছু ছাত্র আজ হলে গিয়ে উঠেছে। ক্যাম্পাসের বাইরে পুলিশ অবস্থান করছে। ছাত্রলীগ (সু-র), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদলসহ ১০টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে পূর্ববর্তী ঘোষণা অনুসারে কাল থেকে বিশ্ববিদ্যালয় খোলার আহবান জানিয়েছে। ইসলামী ছাত্র শিবির এবং সাধারণ ছাত্র আন্দোলন পরিষদ পৃথক পৃথক বিবৃতিতে অবিলম্বে লেখা-পড়ার উপযোগী পরিবেশ ফিরিয়ে এনে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছে। *শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে*

## কিছু ছাত্র হলে

*প্রথম পৃষ্ঠার পর*

আজ উপাচার্যের শহরের বাসভবনে কড়া পুলিশী প্রহরায় সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়। সভা শুরু হবার প্রাক্কালে ১০টি ছাত্র সংগঠনের প্রায় দু'শ ছাত্র সেখানে গিয়ে উপস্থিত হন। তারা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে বিক্ষোভ প্রদর্শন করে। এই পর্যায়ে সেখানে পুলিশ মোতায়েন করা হয়। ছাত্র নেতৃবৃন্দ সিন্ডিকেট সদস্যদের সাথে সাক্ষাৎ করে জানান যে, ক্যাম্পাসের পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক।

নির্ধারিত সময়ের দু'ঘন্টা পরে প্রোক্টর ও প্রভোষ্টবৃন্দ আজ পরিস্থিতি সম্পর্কে রিপোর্ট পেশ করেন। একটি সূত্র জানান, ক্যাম্পাসে না গিয়ে তারা শহরে বসেই রিপোর্টকি তৈরী করেছেন। তাই সিন্ডিকেটের কতিপয় সদস্য এই রিপোর্ট গ্রহণের বিরোধিতা করেন। সিন্ডিকেট সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে প্রোক্টর ও প্রোভষ্টবৃন্দ আরেকটি রিপোর্ট আগামী সোমবার বেলা ১১ টার মধ্যে উপাচার্যের কাছে পেশ করবেন।